



সিরাজ উদ্দিন সরকার প্রাথমিক বিদ্যালয়
সোহাগপুর, সিরাজগঞ্জ স্থাপিতঃ ২০১০

২০১০ সালে বাংলাদেশ ভ্রমন কালে সিরাজগঞ্জ জেলার নদী ভাংগন কবলিত সোহাগপুর গ্রামে যাওয়ার সুযোগ হয়েছিল যা এখন যমুনা নদীর মাঝে একটি চরাঞ্চল। চরটির পাঁচ কিলোমিটারের মধ্যে শিশুদের জন্য কোন স্কুল না থাকার কারণে শিশুরা শিক্ষা থেকে বঞ্চিত ছিল। এতদ উদ্দেশ্যে সেখানে একটি স্কুল স্থাপনের উদ্যোগ নেয়া হয়। বর্তমানে স্কুলটিতে ১৬৫ জন শিক্ষার্থী শিক্ষা গ্রহণের সুযোগ পাচ্ছে। পাঁচ জন শিক্ষক দ্বারা পরিচালিত স্কুলটি এক একর জায়গার উপর প্রতিষ্ঠিত। স্কুলটিতে ছয়টি শ্রেণী কক্ষ, শিক্ষকদের অফিস কক্ষ সহ যাবতীয় সুযোগ সুবিধার ব্যবস্থা রয়েছে, রয়েছে মানসিক ও শারীরিক বিকাশের জন্য খেলাধুলার ব্যবস্থা। স্কুলটি প্রতিষ্ঠার জন্য মাত্র ছয় লক্ষ টাকা ব্যয় হয়েছে (জায়গা বাদে) যা অস্ট্রেলিয়ান ডলারে মাত্র ৮০০০, যে টাকা দিয়ে ৭/৮ বছরের একটি পুরোনো গাড়ী কিনতে পারবেন মাত্র। এ ধরনের একটি স্কুল পরিচালনার জন্য বাৎসরিক মাত্র ২০০০ ডলারের প্রয়োজন, যা আমরা যেকোন ছোট একটি অতিথি আপ্যায়নের জন্য ব্যয় করে থাকি। আপনিও এ ধরনের প্রকল্প নিজ এলাকায় বাস্তবায়নের মাধ্যমে দেশের ঋণ কিছুটা হলেও শোধ করতে পারেন। আসুন আমরা সবাই এই ধরনের শিক্ষা প্রসার কাজে অংশ নিয়ে দেশ মাতৃকার উন্নয়নে অংশগ্রহণ করি। বিস্তারিত তথ্যের জন্য যোগাযোগ করুনঃ

আবুল সরকার

মিন্টো ০৪১১ ০৩৫ ২৫০

Abul.sarker@optusnet.com.au



শ্রেণী কক্ষ



শিক্ষার্থীরা এসেমব্লীতে